



**Embassy of Bangladesh
Economic Wing
Washington DC**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রবর্তিত প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণের
জন্য বিশেষ সঞ্চয় সুবিধা

Wage Earner Development Bond

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রবর্তিত প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকদের
জন্য সর্বাধিক লাভজনক মেয়াদী বিনিয়োগ। মুনাফার হার চক্রবৃদ্ধি হারে ১২%।

২৫,০০০ টাকা ৫ বছর পর মুনাফাসহ - ৪৪,৭৫০ টাকা হয়।

৫০,০০০ টাকা ৫ বছর পর মুনাফাসহ - ৮৯,৫০০ টাকা হয়।

১,০০,০০০ টাকা ৫ বছর পর মুনাফাসহ - ১,৭৯,০০০ টাকা হয়।

৫,০০,০০০ টাকা ৫ বছর পর মুনাফাসহ - ৮,৯৫,০০০ টাকা হয়।

প্রতি ১ লক্ষ টাকার মাসিক ১,০০০ টাকা হারে ৬ মাস পর পর মুনাফা উঠানো যায়। মুনাফা উঠানোর ক্ষেত্রে
সরল হার প্রযোজ্য। বন্ডের মেয়াদকালে বন্ডধারীর মৃত্যু হলে নমিনী বন্ডের প্রদেয় অর্থ ছাড়াও বিনা খরচে মূল
টাকার ৫০% পর্যন্ত মৃত্যু ঝুঁকি বীমা সুবিধা প্রাপ্য হন। এই বন্ডের আসল এবং মুনাফা সম্পূর্ণ আয়করমুক্ত।

এই বন্ডের মূল টাকা Foreign Currency -তে বিদেশে স্থানান্তর করা যায়।

মেয়াদ পূর্তির আগেও প্রয়োজনে নিম্নবর্ণিত সরল হারে মুনাফাসহ ভাংগানো যায় :

(ক) ৬ মাসের পূর্বে কোন মুনাফা প্রাপ্য হয়না।

(খ) ৬ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১ বছরের পূর্বে ৯%

(গ) ১ বছর বা তদুর্ধ্ব কিন্তু ২ বছরের পূর্বে ১০%

(ঘ) ২ বছর এবং তদুর্ধ্ব ১২%

ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড

মূল্যমান : ৫০০-৫০,০০০ ডলার, মেয়াদ : ৩ বছর, মুনাফা : মেয়াদান্তে মুনাফা ৬.৫০%। মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করা হলে ১ম বছরান্তে ৫.৫০% এবং ২য় বছরান্তে ৬.০০% হারে মুনাফা প্রদেয় হবে। মার্কিন ডলার অথবা বৈদেশিক মুদ্রায় মুনাফা প্রদেয়। এ বন্ডের অর্জিত ডলার বিদেশে স্থানান্তর করা যায়।

ইউ এস ডলার প্রিমিয়াম বন্ড

মূল্যমান : ৫০০-৫০,০০০ ডলার, মেয়াদ : ৩ বছর, মুনাফা : মেয়াদান্তে মুনাফা ৭.৫০%। মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করা হলে ১ম বছরান্তে ৬.৫০% এবং ২য় বছরান্তে ৭.০০% হারে মুনাফা প্রদেয় হবে। এই বন্ডের মূল টাকা Foreign Currency-তে বিদেশে স্থানান্তর করা যায়।

ক্রয় পদ্ধতি :

- (ক) বাংলাদেশে সকল বানিজ্যিক ব্যাংক সমূহের (জনতা, সোনালী, অগ্রণী, কৃষি, উত্তরা, পূবালী ব্যাংক লিঃ) ওয়েজ আর্নার শাখাসমূহের যে কোনটিতে এফসি একাউন্ট ওপেন করতে পারবেন।
- (খ) সংশ্লিষ্ট এফসি একাউন্টে টিটির মাধ্যমে (লেনদেনটি অতি দ্রুত সম্পন্ন হয়)/ক্যাশিয়ার চেকের মাধ্যমে নিজ একাউন্টে টাকা জমা করতে পারবেন। স্বল্প কমিশনে সোনালী এক্সচেঞ্জের মাধ্যমেও এফসি একাউন্টে টাকা পাঠাতে পারেন।
- (গ) জমাকৃত অর্থ থেকে ঐ শাখা থেকেই যে কোন মূল্যের ওয়েজ আর্নার বন্ড কেনা যায়।
- (ঘ) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড ক্রয়ের ফরম ও যাবতীয় কাগজপত্রাদি ব্যাংকে পৌঁছার এক মাসের মধ্যে আপনার ঠিকানায় ডাকযোগে বন্ড পৌঁছে যাবে অথবা দূতাবাসের মাধ্যমে সংগ্রহ করতে পারবেন।
- (ঙ) বাংলাদেশে যেকোন ব্যক্তির মাধ্যমে মুনাফার টাকা উত্তোলন করা সম্ভব। সেক্ষেত্রে আপনাকে পাওয়ার অব এটর্নি দিতে হবে।
- (চ) মেয়াদ পূর্তির পর বন্ড ভাংগানো যায় কিংবা মূল টাকা পুনরায় ৫ বছরের জন্য পুনঃবিনিয়োগ করা যায়। সেক্ষেত্রে মূল বন্ডে এবং নির্ধারিত ফরমে স্বাক্ষর করতঃ সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

এফসি (Foreign Currency Accounts) একাউন্ট খোলার পদ্ধতি :

বাংলাদেশে বানিজ্যিক ব্যাংক সমূহের এফসি একাউন্টস খোলার পদ্ধতি অনেক দীর্ঘায়িত ছিল। বর্তমান সরকার বিদেশী বিনিয়োগকে আকৃষ্ট করার লক্ষ্যে এফসি একাউন্টস খোলার পদ্ধতি অনেক সহজতর করেছে।

- (ক) এফসি একাউন্ট খোলার ফরম যথাযথ পূরণ করতে হবে।
- (খ) বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণ (পারমানেন্ট রেসিডেন্ট কার্ডধারী অথবা আমেরিকান পাসপোর্টধারী) এফসি একাউন্টস খুলতে পারবেন।
- (গ) বাংলাদেশী পাসপোর্ট (যদি ভিসা লাগানো থাকে) অথবা পারমানেন্ট রেসিডেন্ট কার্ড এবং বাংলাদেশী পাসপোর্ট অথবা আমেরিকান পাসপোর্ট (দুতাবাস কর্তৃক No Visa Required সীল রয়েছে এমন)-এর ছায়ালিপি প্রয়োজন হবে।
- (ঘ) একাউন্ট হোল্ডারের ২ (দুই) কপি ছবি এবং নমিনীর ২(দুই কপি) ছবি একাউন্ট হোল্ডার কর্তৃক সত্যায়িত হতে হবে।
- (ঙ) সংশ্লিষ্ট ব্যাংকের Specimern Signature কার্ড একাউন্টস হোল্ডার কর্তৃক পূরণ এবং নমিনীর Specimern Signature কার্ডটি একাউন্ট হোল্ডার কর্তৃক সত্যায়িত হতে হবে।
- (চ) FC Account Opening Form and Specimen Signature কার্ড দুতাবাসে সংরক্ষিত রয়েছে। টেলিফোনে (202 244 0183, Extension-227/231) অথবা ই-মেইলে (bdembassyecowusa@gmail.com) যোগাযোগ করে সংগ্রহ করা যাবে।
- (ছ) যাবতীয় কাগজপত্রাদি নোটারাইজড করে পাঠাতে হবে।
- (জ) স্বয়ংসম্পূর্ণ আবেদন দুতাবাসে প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যাংকে (Diplomatic Bag/DHL/Fedex) প্রেরণ করার পর স্বল্পতম সময়ের মধ্যে এফসি একাউন্ট নাম্বার পেয়ে যাবেন।